



87853 - ইমাম যদি অতিরিক্ত রাকাত পড়ার জন্য দাঁড়িয়ে যান, তবে মুক্‌তাদী কী করবে?

প্রশ্ন

জামাতের নামাযে ইমাম রাকাত সংখ্যা ভুল করছেন। তিনি জমেরে নামায পাঁচ রাকাত আদায় করছেন। মুক্‌তাদীদের পক্ষ হতে তাকে সতর্ক করা হয়েছে। কিন্তু তিনি যা করছিলেন তা চালিয়ে গেলেন। যহেতে তাঁর ইয়াক্বীন (নিশ্চয়তার) ছিল তিনি সঠিক। এক্ষেত্রে আমরা মুক্‌তাদী মুসল্লীর কী করব?

প্রায় উত্তর

আলহামদু লিল্লাহ।

এক:

যদি ইমাম ঠিক করছেন বলে তিনি আত্মবিশ্বাসী হয়ে থাকেন এবং মুক্‌তাদী মুসল্লীদের সতর্ক করার দিকে ভ্রুক্‌ষণে না করে সালাত সম্পন্ন করেন এবং পাঁচ রাকাত সালাত আদায় করে থাকেন তবে তাঁর সালাত শুদ্ধ হয়েছে এবং তাঁর উপর কিছু করণীয় নেই। সালাম ফরানো শেষে যদি তাঁর প্রকৃত অবস্থা (তিনি যে ভুল করে পাঁচ রাকাত পড়ছেন) খয়োল হয়, তবে তিনি ভুল করার জন্য দুটি সজেদা দিয়ে সালাম ফরানেন।

দুই:

যদি মুক্‌তাদী নিশ্চিতিভাবে জানেন থাকেন যে ইমাম অতিরিক্ত এক রাকাতের জন্য দাঁড়িয়ে গেছেন তবে ইমামকে সতর্ক করা তার উপর ওয়াজবি। যদি ইমাম তা না শুনতে তবে ইমামের অনুসরণ করা তার জন্য জায়যে নয়। বরং এক্ষেত্রে তিনি ইমাম থেকে আলাদা হয়ে বসে যাবেন এবং শেষে তাশাহুদ পাঠ করে সালাম ফরিয়ে ফেলবেন। যদি মুক্‌তাদী নিশ্চিতিভাবে জানেন যে, এটি পঞ্চম রাকাত; তদুপর তিনি ইমামকে অনুসরণ করে যান তবে তার সালাত বাতলি হয়ে যাবে। আর যদি অজ্ঞেতা বা শতঅথবা ভুল করে ইমামকে অনুসরণ করতেন তবে তার সালাত শুদ্ধ হবে।

শারহ মুনতাহাল ইরাদাত (১/২২৩) গ্রন্থে রয়েছে:

“যে ইমাম নামাযে ভুল করছেন তাঁকে দুইজন বিশ্বস্ত ব্যক্তি সতর্ক করবে। তখন সে ভুল থেকে ফরিয়ে আসা ইমামের উপর আবশ্যকীয়; যদি না তিনি তাঁর কাজ সঠিক হওয়ার ব্যাপারে নিশ্চিতি হন। যদি ইমাম নিজের কাজ সঠিক হওয়ার ব্যাপারে নিশ্চিতি হন তাহলে (মুসল্লীর কথা শুনতে) ফরিয়ে আসা জায়যে নয়।”



এরপর বলা হয়েছে-“তিনি যদি পঞ্চম রাকাতের জন্য দাঁড়িয়ে যান সক্ষেত্রে মুক্তাদরি জন্য তাঁকে অনুসরণ করা জায়যে নয়। কারণ মুক্তাদি সূনশিচতি য়ে, ইমাম ভুল করছেন এবং য়ে রাকাতের জন্য দাঁড়িয়ে গিয়েছেন সটোতারনামায়ের অংশ নয়। এক্ষত্রে মুক্তাদি যদি অজ্ঞেতাবশত অথবা ভুলবশত ইমামের অনুসরণ করে যান অথবা যদি ইমামথেকে আলাদা হয়ে যান তবে তার সালাত শুদ্ধ হবে। য়ে ব্যক্তি প্রকৃত অবস্থা নশিচতিভাবে জানে, ইমামের অনুসরণ থেকে আলাদা হয়ে যাওয়া তার জন্য আবশ্যিক। য়ে ব্যক্তি ইমাম থেকে আলাদা হয়ে গেছেন ইমাম অতিরিক্ত রাকাতের জন্য দাঁড়িয়ে যাওয়ার পরতিনি আলাদাভাবে সালাম ফরিয়ে নবিনে এবং শেষে তাশাহুদ সম্পন্ন করার পর ভুল থেকে ফরিয়ে আসার জন্য ইমামকে সতর্ক করবেন।” উদ্ধৃতি সমাপ্ত

শাইখ ইবনে উছাইমীনরাহমাহুল্লাহ কে প্রশ্ন করা হয়েছিল: “যদি ইমাম ভুল করে পাঁচ রাকাত সালাত আদায় করে ফলে, তবে তাঁর সালাতের হুকুম কী এবং তাঁর পছন্দে যারা সালাত আদায় করেছে তাদের সালাতের হুকুম কী? এবং য়ে ব্যক্তি দরৌতে এসে ইমামের সাথে যোগ দিয়েছে সে কি এই অতিরিক্ত রাকাত গণনা করবে?”

তিনি উত্তরে বলেন :

যদি ইমাম ভুল করে পাঁচ রাকাত সালাত আদায় করে তবে তাঁর সালাত শুদ্ধ এবং য়ে মুক্তাদরি ভুলবশত অথবা অজ্ঞেতাবশত তাঁকে অনুসরণ করেছে তাদের সালাতও শুদ্ধ। কিন্তু য়ে মুক্তাদিনিশিচতি থাকেন য়ে, এটি অতিরিক্ত রাকাত, তার জন্য ইমাম পঞ্চম রাকাতের জন্য দাঁড়িয়ে গেলে বসে পড়া ও সালাম ফরিয়ে ফেলা ওয়াজবি। কারণ এক্ষত্রে তিনি নিশিচতিভাবে বিশ্বাস করেন য়ে, ইমামের সালাত সঠিক নয়। যদি তিনি এ আশংকা করেন য়ে, ইমাম কোন একরাকাতে সূরা ফাতহা পড়ায় গরমলি করছেন বধিয় অতিরিক্ত পঞ্চম রাকাত পড়ছেন সক্ষেত্রে তিনি সালাম না ফরিয়ে ইমামের জন্য অপেক্ষা করবেন। অর্থাৎ ইমামের সাথে সালাম ফরানোর জন্য অপেক্ষা করবেন।

আর য়ে ব্যক্তি দরৌতে এসে ইমামের সাথে দ্বিতীয় রাকাত বা পরবর্তী কোন রাকাতে যোগ দিয়েছে এবং শেষে পর্যন্ত সালাত আদায় করেছে, এ অতিরিক্ত রাকাতটি তার ক্ষত্রে গণনা করা হবে। যদি সে ইমামের সাথে দ্বিতীয় রাকাতে যোগ দিয়ে, তবে সে ইমামের সাথে অতিরিক্ত রাকাতসহ সালাম ফরিবে। আর যদি সে তৃতীয় রাকাতে এসে যোগ দিয়ে, তবে ইমামের অতিরিক্ত রাকাতের সালাম ফরানো শেষে আরকে রাকাত যোগ করবে। কারণ আমরা যদি বলি, য়ে মুক্তাদি দরৌতে যোগ দিয়েছে তাঁর ক্ষত্রে অতিরিক্ত রাকাতটি গণ্য হবে না, তবে তাকে ইচ্ছাকৃতভাবে অতিরিক্ত এক রাকাত যোগ করতে হবে- যা সালাত বাতলি হওয়ার কারণ।

পক্ষান্তরে এই ইমাম অতিরিক্ত রাকাত আদায় করার ক্ষত্রে ওজরগ্রস্ত। কারণ তিনি ভুল করছেন। তাই তাঁর সালাত বাতলি হবে না।” উদ্ধৃতি সমাপ্ত

[মাজমূ‘ ফাতাওয়াশশাইখ ইবনে ‘উছাইমীন(১৪/১৯)]



আল্লাহই সবচেয়ে ভাল জানেন।